# ধারা 3 এর রুগীদের জন্য সুপারভাইজড কম্যুনিটি ট্রিটমেন্ট

(মেন্টাল হেলথ্ অ্যাক্ট 1983-র ধারা 17A)

| | |
|---|---|
| 1. রুগীর নাম | |
| 2. যিনি আপনার চিকিৎসার দায়িত্বপ্রাপ্ত (আপনার "রেসপনসিবল ক্লিনিশিয়ান") তার নাম | |
| 3. যে তারিখ থেকে আপনার সুপারভাইজড কম্যুনিটি ট্রিটমেন্ট শুরু হয়েছে | |

## আমার সুপারভাইজড কম্যুনিটি ট্রিটমেন্ট কেন করা হচ্ছে?

মেন্টাল হেলথ্ অ্যাক্ট 1983-র ধারা 17A-র অধীন আপনার সুপারভাইজড কম্যুনিটি ট্রিটমেন্ট অর্থাৎ তত্ত্বাবধানে রেখে আপনার সামাজিক চিকিৎসা করা হচ্ছে কেননা যিনি আপনার পরিচর্যার দায়িত্বপ্রাপ্ত (আপনার রেসপনসিবল ক্লিনিশিয়ান) তার মনে হয় আপনি হাসপাতাল থেকে ছুটি পেয়ে চলে যাওয়ার মত সুস্থ, তবে তিনি চিন্তিত যে আপনি হয়ত আপনার চিকিৎসা বজায় রাখবেন না, কিংবা অল্প সময়ের নোটিশে হয়ত আবার আপনাকে আরো চিকিৎসার জন্য হাসপাতালে ভর্তি করতে হবে।

সুপারভাইজড কম্যুনিটি ট্রিটমেন্ট অর্থাৎ আপনি হাসপাতাল থেকে ছুটি পাওয়ার পর যাতে আপনি সুস্থ থাকেন সেজন্য আপনার পরিচর্যাকারী দল যথাসাধ্য সাহায্য করবে, তবে যদি আপনার রেসপনসিবল ক্লিনিশিয়ানের মনে হয় যে আবার আপনাকে হাসপাতালে রেখে চিকিৎসা করা প্রয়োজন তাহলে আপনার যা চিকিৎসা দরকার তার জন্য আপনাকে আবার হাসপাতালে আসতে বলা যাবে।

হাসপাতাল থেকে ছুটি পাওয়ার পর আপনার মানসিক রোগের জন্য যে পরিচর্যা প্রয়োজন এবং চিকিৎসার যে বন্দোবস্ত দরকার সে বিষয়ে আপনার রেসপনসিবল ক্লিনিশিয়ান আপনার সঙ্গে কথা বলবেন।

## কম্যুনিটি ট্রিটমেন্ট অর্ডার কি?

কম্যুনিটি ট্রিটমেন্ট অর্ডার একপ্রকারের ফর্ম, আপনাকে যে তত্ত্বাবধানে কম্যুনিটি ট্রিটমেন্ট-এ রাখা দরকার তা জানানোর জন্য আপনার রেসপনসিবল ক্লিনিশিয়ান এবং একজন অনুমোদিত মানসিক স্বাস্থ্য বিশেষজ্ঞকে এই ফর্ম পূরণ করতে হবে।

একজন অনুমোদিত মানসিক স্বাস্থ্য বিশেষজ্ঞ বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত ব্যক্তি এবং মেন্টাল হেলথ্ অ্যাক্টের অধীন কাউকে হাসপাতালে রাখতে হবে কি না তা নির্ণয় করায় সাহায্য করার জন্য তিনি প্রশিক্ষণ পেয়েছেন।

## আমি হাসপাতাল ছেড়ে চলে যাওয়ার পর কি হবে?

সুপারভাইজড কম্যুনিটি ট্রিটমেন্ট কি হয় সে বিষয়ে আপনার রেসপনসিবল ক্লিনিশিয়ান আপনার সঙ্গে কথাবার্তা বলবেন।

আপনার হয়ত চিকিৎসার কয়েকটা বন্দোবস্ত মেনে চলতে হবে কিংবা অন্য কোনো বন্দোবস্ত অনুসরণ করতে হবে যাতে আপনি সমাজে নিরাপদে থাকেন এবং সুস্থ থাকেন। এগুলিকে “কন্ডিশন” অর্থাৎ শর্ত বলা হয় এবং মেন্টাল হেলথ্ অ্যাক্টের ধারা 17B তে এগুলি জানানো হয়েছে।

আপনার রেসপনসিবল ক্লিনিশিয়ান এবং একজন অনুমোদিত মানসিক স্বাস্থ্য বিশেষজ্ঞকে একমত হতে হবে যে এই শর্তগুলি উপযুক্ত এবং আপনি যাতে এই শর্তগুলি পালন করেন সেজন্য আপনার যা যা সাহায্য দরকার তারা সে ব্যবস্থা করবে। আপনি সুপারভাইজড কম্যুনিটি ট্রিটমেন্টে থাকাকালীন আপনাকে যা যা করতে বলা হবে, বা যা করতে নিষেধ করা হবে তা নিয়ে কোনো কারণে আপনি চিন্তিত হলে আপনার রেসপনসিবল ক্লিনিশিয়ানের সঙ্গে কথা বলে নেবেন।

## আমি যদি শর্তপালন না করি তাহলে কি হবে?

আপনি যদি কোনো শর্ত পালন না করেন তাহলে আপনার চিকিৎসার জন্য আপনাকে আবার হাসপাতালে নিয়ে যেতে হবে কি না তা আপনার পরিচর্যাকারী দলকে ভেবে দেখতে হবে।

যদি আপনার রেসপনসিবল ক্লিনিশিয়ানের মনে হয় যে আপনার প্রয়োজনীয় চিকিৎসা সুনিশ্চিত করার জন্য একমাত্র উপায় আপনাকে হাসপাতালে ভর্তি করা, তাহলে আপনাকে হাসপাতালে ফেরত যেতে বলা যায়। কখনও কখনও আপনি সব শর্ত পালন করলেও এটা জরুরী হয়। একে “রিকল্ড” অর্থাৎ হাসপাতালে ফেরত ডাকা বলা হয়।

যদি আপনার রেসপনসিবল ক্লিনিশিয়ানের মনে হয় আপনাকে হাসপাতালে ফেরত ডাকা দরকার তাহলে আপনার রেসপনসিবল ক্লিনিশিয়ান আপনাকে লিখে জানাবেন যে হয় আপনাকে সরাসরি, বা একটি নির্দিষ্ট সময়ে হাসপাতালে আসতে হবে। আপনাকে যখন আসতে বলা হবে তখন যদি আপনি না আসেন, তাহলে আপনার ইচ্ছার বিরুদ্ধে আপনাকে হাসপাতালে ফেরত আনা যায়।

আপনাকে হাসপাতালে ফেরত ডাকা হলে 72 ঘন্টা পর্যন্ত আপনাকে সেখানে রাখা যায়। যদি আপনার রেসপনসিবল ক্লিনিশিয়ানের মনে হয় যে আপনাকে আরো বেশী সময় হাসপাতালে রাখা দরকার, তাহলে একজন অনুমোদিত মানসিক স্বাস্থ্য বিশেষজ্ঞকে আপনার সঙ্গে কথা বলতে বলা হবে। সেই সময় আপনাকে এ সব বুঝিয়ে দেওয়া হবে।

## সুপারভাইজড কম্যুনিটি ট্রিটমেন্টে থাকাকালীন আমার কি চিকিৎসা করা হবে?

আপনার চিকিৎসার প্রয়োজনগুলির বিষয়ে আপনার রেসপনসিবল ক্লিনিশিয়ান আপনার সঙ্গে আলোচনা করবেন এবং সমাজে কখন এবং কিভাবে আপনার চিকিৎসা করা হবে তা নির্ণয় করবেন।

## আমি চিকিৎসা প্রত্যাখ্যান করতে পারি কি?

আপনি না চাইলে চিকিৎসা প্রত্যাখ্যান করতে পারেন, আপনার সেই অধিকার আছে, তবে তার ফলে হয়ত আপনার রেসপনসিবল ক্লিনিশিয়ানের আপনাকে হাসপাতালে ফেরত ডাকার কথা বিবেচনা করে দেখতে হবে।

যে চিকিৎসার পরামর্শ দেওয়া হবে আপনি তা নিতে না চাইলে, যত শীঘ্র সম্ভব আপনার রেসপনসিবল ক্লিনিশিয়ানের সঙ্গে কথা বলে নেবেন।

## আমি যদি এত অসুস্থ হই যে আমি চিকিৎসা নিতে রাজি কি না সেই সিদ্ধান্ত নিতে ব্যর্থ, তাহলে কি হবে?

যারা আপনার চিকিৎসা করছেন তাদের যদি মনে হয় আপনার চিকিৎসা নেওয়ার ব্যাপারে কোনোরকম সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা নেই তাহলে তাদের যা প্রয়োজন মনে হবে সেইমত তারা আপনার চিকিৎসার ব্যবস্থা করতে পারে।

তবে সঙ্কটাবস্থা না হলে, আপনি আপত্তি করলে তারা আপনাকে চিকিৎসা নেওয়ায় বাধ্য করতে পারবেন না।

"ক্ষমতা নেই" মানে, আপনার মানসিক রোগবশত আপনি নিম্নোক্ত চারটি কাজের মধ্যে একটি বা একাধিক কাজ করতে পারছেন না ঃ

- চিকিৎসার বিষয়ে আপনাকে যে তথ্য জানানো হবে তা বোঝা
- সেই তথ্য যথেষ্ট সময় মনে রেখে একটি সিদ্ধান্তে পৌঁছানো
- আপনাকে যে তথ্য জানানো হবে তা বিচার বিশ্লেষণ করে সিদ্ধান্ত নেওয়া
- যেভাবে সম্ভব সেভাবে আপনার সিদ্ধান্ত জানানো, যেমন কথা বলে, সাঙ্কেতিক ভাষা ব্যবহার করে এমনকি চোখের পাতা ফেলে বা হাতে অল্প চাপ দিয়ে সরল কয়েকটা অঙ্গভঙ্গি দিয়ে বোঝানো

যদি সঙ্কটাবস্থা না হয়, মেন্টাল ক্যাপাসিটি অ্যাক্ট 2005 এর অধীন আপনি চিকিৎসা প্রত্যাখ্যান করার আইনত বাধ্যতামূলক সিদ্ধান্ত নিয়ে থাকলে কিংবা এই অ্যাক্টের অধীন আপনার পক্ষ থেকে সিদ্ধান্ত নেওয়ার অনুমতিপ্রাপ্ত কেউ ঐ চিকিৎসা প্রত্যাখ্যান করলে আপনার চিকিৎসা করা যাবে না। আপনি যাকে দীর্ঘস্থায়ী পাওয়ার অফ অ্যাটর্নি (আমামোক্তার নামা) দেবেন, কোর্ট অফ প্রোটেকশন যাকে আপনার জন্য নিযুক্ত করবে সেই প্রতিনিধি কিংবা অফ প্রোটেকশন স্বয়ং এটা প্রত্যাখ্যান করতে পারে। হাসপাতালের কর্মচারী আপনাকে মেন্টাল ক্যাপাসিটি অ্যাক্ট 2005 এর বিষয়ে আরো তথ্য দিতে পারে।

## ওষুধ এবং ওষুধ দিয়ে চিকিৎসার বিষয়ে বিশেষ আইন

আপনি একমাসের বেশী সময় যাবৎ সুপারভাইজড কম্যুনিটি ট্রিটমেন্টে থাকলে, ওষুধ এবং ওষুধ দিয়ে চিকিৎসার বিষয়ে কয়েকটা বিশেষ আইন প্রযোজ্য হবে।

আপনার মানসিক ব্যধির জন্য আপনাকে ওষুধ দিয়ে চিকিৎসা করা হলে এবং হাসপাতালে বা সুপারভাইজড কম্যুনিটি ট্রিটমেন্টে থাকাকালীন আপনাকে এই জাতীয় চিকিৎসা দেওয়া শুরু করার পর তিন মাসের বেশী হয়ে গেলে, (যে হাসপাতালে আপনার চিকিৎসা করা হচ্ছে তার অংশ নয় এমন) একজন স্বতন্ত্র ডাক্তারকে দিয়ে আপনার পরীক্ষা করানোর অনুমতি আপনাকে দিতে বলা হবে।

এই স্বতন্ত্র ডাক্তারকে SOAD (সেকেন্ড ওপিনিয়ন অ্যাপয়েন্টেড ডাক্তার) বলা হয় এবং এক স্বাধীন কমিশন এই ডাক্তারকে নিযুক্ত করে, এই কমিশনে মেন্টাল হেলথ্ অ্যাক্ট প্রয়োগের ব্যাপারে বিশেষ লক্ষ্য রাখে।

আপনার চিকিৎসা আপনার পক্ষে উপযুক্ত কি না তা ডাক্তার যাচাই করে দেখবেন এবং আপনার কোন্ চিকিৎসা বজায় রাখা দরকার সেই সিদ্ধান্ত নেওয়ার আগে আপনার সঙ্গে কথা বলবেন।

সঙ্কটাবস্থা না হলে, এই স্বতন্ত্র ডাক্তারের মতে আপনার জন্য যে ওষুধ বা ওষুধ দিয়ে চিকিৎসা সঠিক আপনাকে শুধু তাই দেওয়া যাবে।

আপনাকে স্বতন্ত্র ডাক্তার কোথায় ও কখন পরীক্ষা করে দেখতে চান তা আপনাকে জানানো হবে। সুপারভাইজড কম্যুনিটি ট্রিটমেন্টের একটি শর্ত স্বতন্ত্র ডাক্তার দেখানো। আপনাকে যে স্থান ও সময় জানানো হবে তখন যদি আপনি স্বতন্ত্র ডাক্তারের সঙ্গে দেখা না করেন, আপনার রেসপনসিবল ক্লিনিশিয়ান স্বতন্ত্র ডাক্তারের সঙ্গে দেখা করার জন্য আপনাকে হাসপাতালে ডেকে পাঠাতে পারেন।

কয়েকটা বিশেষ চিকিৎসা, যেমন ইলেকট্রো-কনভালসিভ থেরাপির (ECT) জন্য পৃথক নিয়মকানুন আছে। যারা আপনার চিকিৎসা করছে তাদের যদি মনে হয় আপনার এর মধ্যে কোনো বিশেষ চিকিৎসা প্রয়োজন, আপনাকে তার নিয়মকানুন বুঝিয়ে দেওয়া হবে।

## আমাকে কতদিন সুপারভাইজড কম্যুনিটি ট্রিটমেন্টে থাকতে হবে?

প্রথমে ছয় মাস পর্যন্ত আপনার সুপারভাইজড কম্যুনিটি ট্রিটমেন্ট চলবে, তবে যদি আপনার রেসপনসিবল ক্লিনিশিয়ানের মনে হয় এর আর প্রয়োজন নেই তাহলে এই চিকিৎসা বন্ধ করে দেওয়া যায়।

ছয় মাসের শেষে, আপনার সুপারভাইজড কম্যুনিটি ট্রিটমেন্টে থাকা দরকার কি না তা দেখার জন্য আপনার রেসপনসিবল ক্লিনিশিয়ান দিয়ে আপনাকে পরীক্ষা করার অনুমতি দিতে হবে। আপনার রেসপনসিবল ক্লিনিশিয়ান কখন ও কোথায় আপনাকে পরীক্ষা করতে চান তা আপনাকে জানানো হবে।

সুপারভাইজড কম্যুনিটি ট্রিটমেন্টের একটি শর্ত এই যে আপনার রেসপনসিবল ক্লিনিশিয়ানকে দিয়ে এই পরীক্ষা করানোর জন্য তার সঙ্গে দেখা করতে হবে। আপনাকে যে সময় ও স্থানে আপনার রেসপনসিবল ক্লিনিশিয়ানের সঙ্গে দেখা করতে বলা হবে তখন তার সঙ্গে দেখা না করলে আপনাকে পরীক্ষা করার জন্য আপনার রেসপনসিবল ক্লিনিশিয়ানকে হয়ত আপনাকে আবার হাসপাতালে ডাকতে হবে।

যদি আপনার রেসপনসিবল ক্লিনিশিয়ানের মনে হয় আপনার আরো বেশী সময় সুপারভাইজড কম্যুনিটি ট্রিটমেন্টে থাকা দরকার তাহলে তিনি এটা ছয় মাস বাড়িয়ে দিতে পারেন, এবং তারপর একবারে এক বছর পর্যন্ত বাড়িয়ে দিতে পারেন। প্রতিটি নির্দিষ্ট মেয়াদের শেষে আপনার রেসপনসিবল ক্লিনিশিয়ান এ ব্যাপারে আপনার সঙ্গে কথা বলবেন।

## আমি কি আপীল করতে পারি?

হ্যাঁ। আপনার দায়িত্বপ্রাপ্ত হাসপাতালের ম্যানেজারের কাছে আপনি হাসপাতাল থেকে চলে যাওয়ার অনুমতি চাইতে পারেন। যে কোনো সময় আপনি এটা করতে পারেন। হাসপাতালের ভেতর গঠিত এক বিশেষ সমিতি এই হসপিটাল ম্যানেজার্স, লোকেদের আরো বেশী দিন সুপারভাইজড কম্যুনিটি ট্রিটমেন্টে রাখতে হবে কি না তারা এই সিদ্ধান্ত নেয়।

আপনি সুপারভাইজড কম্যুনিটি ট্রিটমেন্টে যাওয়ার আগে আপনি যে হাসপাতালে ছিলেন তা আপনার দায়িত্বপ্রাপ্ত হাসপাতাল হিসাবে গণ্য হবে। আপনার দায়িত্বপ্রাপ্ত হাসপাতাল বদলে গেলে আপনাকে জানিয়ে দেওয়া হবে।

আপনি যদি চান হাসপাতালের ম্যানেজার আপনার সুপারভাইজড কম্যুনিটি ট্রিটমেন্ট বন্ধ করে দিন তাহলে তাদের এখানে চিঠি লিখতে পারেন ঃ

| |
|---|
| |

আপনার সুপারভাইজড কম্যুনিটি ট্রিটমেন্ট বন্ধ করে দেওয়া হবে কি না সেই নির্ণয় নেওয়ার আগে হসপিটাল ম্যানেজার্স হয়ত আপনার সঙ্গে কথা বলতে চাইবেন।

আপনার ঘনিষ্ঠতম আত্মীয়ও হসপিটাল ম্যানেজার্সদের বলতে পারেন যে তারা আপনার সুপারভাইজড কম্যুনিটি ট্রিটমেন্ট শেষ করতে চান। আপনার ঘনিষ্ঠতম আত্মীয় কে তা এই পত্রিকায় পরে জানানো হয়েছে।

আপনার ঘনিষ্ঠতম আত্মীয় এমন করলে 72 ঘন্টা পরে আপনার সুপারভাইজড কম্যুনিটি ট্রিটমেন্ট বন্ধ করে দেওয়া হবে, এর একমাত্র ব্যতিক্রম হবে যদি আপনার রেসপনসিবল ক্লিনিশিয়ান হসপিটাল ম্যানেজার্সদের বলেন যে আপনার সুপারভাইজড কম্যুনিটি ট্রিটমেন্ট বন্ধ করে দেওয়া হলে আপনি বা অন্যরা বিপন্ন হতে পারে।

যদি তাই হয় তাহলে ছয় মাস পর আবার আপনার ঘনিষ্ঠতম আত্মীয় হসপিটাল ম্যানেজার্সদের কাছে আপনার সুপারভাইজড কম্যুনিটি ট্রিটমেন্ট শেষ করার অনুরোধ করতে পারে।

আপনি ট্রাইবিউনালকে দিয়েও আপনার সুপারভাইজড কম্যুনিটি ট্রিটমেন্ট বন্ধ করে দেওয়ার অনুরোধ করাতে পারেন।

## ট্রাইবিউনাল কি এবং কি হয়?

ট্রাইবিউনাল এক স্বতন্ত্র সঙ্ঘ, আপনার সুপারভাইজড কম্যুনিটি ট্রিটমেন্ট বন্ধ করে দেওয়া উচিত কি না তা এই সঙ্ঘ নির্ণয় নিতে পারে। ট্রাইবিউনাল আপনার সঙ্গে এবং হাসপাতালের যেসব কর্মচারী আপনাকে চেনে তাদের সঙ্গে মিটিং করবে। এই মিটিং-কে "হিয়ারিং" অর্থাৎ শুনানি বলা হয়। আপনি চাইলে অন্য কাউকে এই হিয়ারিং-এ আপনাকে সাহায্য করার জন্য আসতে বলতে পারেন। হিয়ারিং-এর আগে ট্রাইবিউনালের সদস্যরা আপনার এবং আপনার সুপারভাইজড কম্যুনিটি ট্রিটমেন্টের ব্যাপারে হাসপাতালের রিপোর্ট পড়বে। এছাড়া ট্রাইবিউনালের একজন সদস্য আপনার সঙ্গে দেখা করে আপনার সঙ্গে কথা বলবেন।

## আমি কখন ট্রাইবিউনালের কাছে আবেদন করতে পারি?

আপনি সুপারভাইজড কম্যুনিটি ট্রিটমেন্টে থাকাকালীন প্রথম ছয় মাসে যে কোনো সময় একবার ট্রাইবিউনালের কাছে আবেদন করতে পারেন। এর পরবর্তী ছয় মাসের মধ্যে একবার যে কোনো সময় আপনি আবেদন করতে পারেন, এবং তারপর যতদিন আপনাকে সুপারভাইজড কম্যুনিটি ট্রিটমেন্টে রাখা হবে ততদিন বছরে একবার এই আবেদন করতে পারেন।

যদি আপনার ঘনিষ্ঠতম আত্মীয় হসপিটাল ম্যানেজার্সদের কাছে বলেন যে তিনি আপনার সুপারভাইজড কম্যুনিটি ট্রিটমেন্টের সমাপ্তি চান অথচ আপনার রেসপনসিবল ক্লিনিশিয়ান বলেন যে তা বন্ধ করা অনুপযুক্ত হবে তাহলে আপনার ঘনিষ্ঠতম আত্মীয় ট্রাইবিউনালের কাছেও আবেদন করতে পারে। যখন আপনার রেসপনসিবল ক্লিনিশিয়ান বলবেন যে তার মতে আপনার সুপারভাইজড কম্যুনিটি ট্রিটমেন্ট বন্ধ করা অনুচিত হবে তার 28 দিনের মধ্যে আপনার ঘনিষ্ঠতম আত্মীয়কে এটা করতে হবে।

আপনি ট্রাইবিউনালের কাছে আবেদন করতে চাইলে এখানে চিঠি লিখতে পারেন ঃ

The Tribunals Service
PO BOX 8793
5th Floor
Leicester
LE1 8BN টেলি ঃ 0845 2232022

আপনি আপনার পক্ষ থেকে ট্রাইবিউনালের কাছে চিঠি লেখা এবং হিয়ারিং-এ সাহায্যের জন্য একজন সলিসিটার (solicitor) অর্থাৎ আইনী অধিবক্তার সহায়তা নিতে পারেন। আপনার দায়িত্বপ্রাপ্ত হাসপাতাল এবং ল সোসাইটির কাছে এ বিষয়ে বিশেষজ্ঞ অধিবক্তাদের তালিকা আছে। এই সলিসিটারের সহায়তার জন্য আপনাকে দাম দিতে হবে না। লিগ্যাল এড স্কিমে (Legal Aid scheme) এটা বিনামূল্যে দেওয়া হয়।

## আপনার ঘনিষ্ঠতম আত্মীয়কে জানানো

মেন্টাল হেল্‌থ অ্যাক্টের মতে যে আপনার ঘনিষ্ঠতম আত্মীয়, তাকে এই পত্রিকার একটি কপি দেওয়া হবে।

মেন্টাল হেল্‌থ অ্যাক্টে একটি নামের তালিকা আছে যাদের আপনার আত্মীয় হিসাবে গণ্য করা হবে। সাধারণত ঐ তালিকায় যার নাম সবার ওপরে থাকবে সে আপনার ঘনিষ্ঠতম আত্মীয় হবে। হাসপাতালের কর্মচারী আপনাকে একটি পত্রিকা দিতে পারে যাতে এর ব্যাখ্যা থাকবে এবং আপনার চিকিৎসা ও পরিচর্যার ব্যাপারে আপনার নিকটতম আত্মীয়র যা যা অধিকার আছে সেসবের উল্লেখ থাকবে।

আপনার কেসে, আমাদের বলা হয়েছে যে আপনার নিকটতম আত্মীয় ঃ

| |
|---|
| |

আপনি যদি এই পত্রিকার একটি কপি এই ব্যক্তিকে দিতে না চান, আপনার রেসপনসিবল ক্লিনিশিয়ান, কর্মীদলের অন্য কোনো সদস্য বা যে আপনাকে এই পত্রিকা দিয়েছে তাকে জানিয়ে দেবেন।

## আপনার ঘনিষ্ঠতম আত্মীয় বদলানো

যদি আপনার মনে হয় ঐ ব্যক্তি আপনার ঘনিষ্ঠতম আত্মীয় হওয়ার উপযুক্ত না, তাহলে তার পরিবর্তে অন্য কাউকে ঘনিষ্ঠতম আত্মীয় হিসাবে গণ্য করার জন্য কাউন্টি কোর্টের (County Court) কাছে আবেদন করতে পারেন।
এর ব্যাখ্যাসহ একটি পত্রিকা হাসপাতালের কর্মচারী আপনাকে দিতে পারে।

## আচরণ সংহিতা

আপনার রেসপনসিবল ক্লিনিশিয়ান এবং আপনার চিকিৎসা পরিচর্যায় জড়িত অন্যান্যদের মেন্টাল হেলথ্ অ্যাক্টের বিষয়ে পরামর্শ দেওয়ার জন্য একটি আচরণ সংহিতা আছে। আপনার পরিচর্যার বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার সময় ঐ সংহিতায় কি বলা হয়েছে তা তাদের বিবেচনা করে দেখতে হবে। আপনি চাইলে, কোডের একটা কপি চেয়ে নিতে পারেন।

## আমি কিভাবে নালিশ করব?

সুপারভাইজড কম্যুনিটি ট্রিটমেন্টে আপনার পরিচর্যা ও চিকিৎসার কোনো বিষয়ে আপনি অভিযোগ করতে চাইলে কর্মীদলের সদস্যের সঙ্গে কথা বলুন। তারা হয়ত সমাধান খুঁজে দিতে পারবে। এছাড়া তারা আপনাকে আপনার দায়িত্বপ্রাপ্ত হাসপাতালের নালিশ প্রণালীর বিষয়েও তথ্য জানাতে পারে, আপনি এই প্রণালী ব্যবহার করে স্থানীয় স্তরে মীমাংসা করে আপনার নালিশের সমাধান করে নিতে পারেন। এছাড়া অন্যান্য যারা নালিশ করায় আপনাকে সাহায্য করতে পারে তাদের ব্যাপারেও তারা জানাতে পারে।

আপনি একটি স্বতন্ত্র কমিশনের কাছেও আবেদন করতে পারেন। মেন্টাল হেল্থ অ্যাক্ট যেভাবে ব্যবহার করা হয় সে ব্যাপারে এই কমিশন বিশেষ লক্ষ্য রাখে, যাতে তা সঠিকভাবে ব্যবহার করা হয় এবং হাসপাতালে থাকাকালীন রুগীর যথাযথ যত্নপরিচর্যা হয়। কিভাবে এই কমিশনের সঙ্গে যোগাযোগ করা যায় তার ব্যাখ্যাসমেত একটি পত্রিকা হাসপাতালের কর্মচারী আপনাকে দিতে পারে।

## আরো সাহায্য এবং তথ্য

আপনার যত্ন পরিচর্যা এবং চিকিৎসার বিষয়ে যদি আপনি কিছু বুঝতে না পারেন, কর্মীদলের একজন সদস্য বা আপনার রেসপনসিবল ক্লিনিশিয়ান আপনাকে সাহায্য করার চেষ্টা করবে। এই পত্রিকার কোনো বিষয় যদি আপনি বুঝতে না পারেন কিংবা আপনার যদি কোনো প্রশ্ন থাকে যার উত্তর এই পত্রিকায় নেই তাহলে তাদের কাছ থেকে তা বুঝে নেবেন।

আপনি যদি অন্য কারুর জন্য এই পত্রিকার কপি চান, তাহলে চেয়ে নেবেন।